গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন
১ম ১২ তলা সরকারি অফিস ভবন,সেগুনবাগিচা,ঢাকা।
www.btc.gov.bd

জরুরি
সীমিত

নম্বর: ২৬.০১.০০০০.০১২.০৬.০০৭.২২.৭৯

তারিখ: ১০ আশ্বিন ১৪২৯
২৫ সেপ্টেম্বর ২০২২

## অফিস আদেশ

বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন-এর (ক) জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা-২০১৮ বাস্তবায়ন সংক্রান্ত কমিটি (খ) তথ্য অধিকার বাস্তবায়ন সংক্রান্ত কমিটি এবং (গ) ইনোভেশন কমিটি নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে পুনর্গঠন করা হলো:

**(ক) জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা-২০১৮ বাস্তবায়ন সংক্রান্ত কমিটি:**

| | |
|---|---|
| ০১. জনাব মোঃ মামুন-উর-রশীদ আসকারী, যুগ্মপ্রধান (চ:দা:) | সভাপতি |
| ০২. জনাব মোঃ আব্দুল লতিফ, উপপ্রধান (চ: দা:) | সদস্য |
| ০৩. জনাব মু. আকরাম হোসেন, সিস্টেম এনালিস্ট | সদস্য |
| ০৪. জনাব মোহাম্মদ রায়হান, গবেষনা কর্মকর্তা | সদস্য |
| ০৫. পি আর এন্ড পিও | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধি:**

ক. আইসিটি নীতিমালা, ২০১৮ অনুসারে স্বল্প মেয়াদি, মধ্যমেয়াদি, দীর্ঘমেয়াদি কর্মপরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন;
খ. ত্রৈমাসিক ভিত্তিতে অগ্রগতি প্রতিবেদন প্রণয়ন ও উর্দ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ;
গ. বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন-এ ডিজিটাল সার্ভিস বাস্তবায়ন রোডম্যাপ প্রণয়ন ও তথ্যপ্রযুক্তি ব্যবস্থার মাধ্যমে বাস্তবায়ন সমন্বয়করণ;

**(খ) তথ্য অধিকার বাস্তবায়ন (RTI) সংক্রান্ত কমিটি :**

| | |
|---|---|
| ০১. জনাব মোঃ মশিউল আলম, যুগ্মপ্রধান (চ:দা:) | সভাপতি |
| ০২. জনাব মু. আকরাম হোসেন, সিস্টেম এনালিস্ট | সদস্য ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ০৩. জনাব মহিনুল করিম খন্দকার, সহ:প্রধান (চ:দা:) | সদস্য ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ০৪. জনাব লোকমান হোসেন, সহ: প্রধান (চ:দা:) | সদস্য |
| ০৫. পি আর এন্ড পিও | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধি:**

ক. তথ্য অধিকার বাস্তবায়নের জন্য অগ্রাধিকার নির্ধারণ;
খ. নির্ধারিত অগ্রাধিকার বাস্তবায়নের লক্ষ্যে কর্ম-পরিকল্পনা প্রণয়ন এবং ত্রৈমাসিক ভিত্তিতে বাস্তবায়ন ও প্রতিবেদন প্রণয়ন;
গ. তথ্য অধিকার আইন ও তথ্য অবমুক্তকরণ নীতিমালা অনুসারে কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন;
ঘ. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ (Proactive disclosure) কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকণে প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন;
ঙ. অর্ধবার্ষিক এবং বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন প্রণয়ন ও প্রেরণ।

**(গ) ইনোভেশন কমিটি :**

| | |
|---|---|
| ০১. জনাব মনজুর মোর্শেদ চৌধুরী, যুগ্মপ্রধান | ইনোভেশন অফিসার |
| ০২. জনাব মোঃ মামুন-উর-রশীদ আসকারী, যুগ্মপ্রধান (চ:দা:) | সদস্য |

| | |
|---|---|
| ০৩. জনাব মু. আকরাম হোসেন, সিস্টেম এনালিস্ট | সদস্য ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ০৪. জনাব ময়েন উদ্দিন মোল্লা, গ্রন্থাগারিক | সদস্য |
| ০৫. পি আর এন্ড পিও | সদস্য-সচিব |

<u>**কমিটির কার্যপরিধি:**</u>

ক. স্ব স্ব কার্যালয়ের সেবা প্রদান প্রক্রিয়া এবং কাজের অভ্যন্তরীণ প্রক্রিয়ায় গুনগত পরিবর্তন আনয়ন;

খ. এই সংক্রান্ত কার্যক্রমের বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বৎসরের শুরুতে মাসিক সমন্বয় সভায় অনুমোদন গ্রহণ ও বাস্তবায়ন;

গ. প্রতিমাসে টিমের সভা অনুষ্ঠান, কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং মাসিক সমন্বয় সভায় উপস্থাপন;

ঘ. মন্ত্রণালয় পর্যায়ে গঠিত সংশ্লিষ্ট অন্যান্য ইনোভেশন টিমের সহিত যোগাযোগ ও সমন্বয় সাধন; এবং

ঙ. প্রতি বৎসর ৩১ জানুয়ারির মধ্যে পূর্ববর্তী বৎসরের একটি পূর্ণাঙ্গ বাৎসরিক প্রতিবেদন প্রণয়ন, উহা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ এবং ওয়েবসাইটে প্রকাশ করা;

**ঘ. <u>ইনোভেশন অফিসারের দায়িত্ব ও কার্যাবলি:</u>**


ক. স্ব-স্ব ইনোভেশন টিমের নেতৃত্ব প্রদান;

খ. পরিবর্তনের রূপকার হিসাবে স্বীয় কার্যালয়ে সেবা প্রদান ও অভ্যন্তরীণ কর্মপ্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনয়নের লক্ষ্যে সৃজনশীল চর্চার সংস্কৃতি ও ক্ষেত্র গড়ে তোলা, আইসিটি ও সকল উদ্ভাবনী কার্যক্রমের ব্যপকতা বৃদ্ধির মাধ্যমে সরকারি কাজকর্মে উদ্ভাবনকে উৎসাহিত করা, প্রয়োজনীয় প্রশিক্ষণের মাধ্যমে টিম-সদস্যগণের কর্মস্পৃহার বিকাশসাধন এবং উদ্ভাবনী মেলার প্রতিযোগিতায় অংশগ্রহণ;

গ. নাগরিক সেবা সহজীকরণ (service process simplification)-এর জন্য বিদ্যমান ব্যবস্থার সংস্কার সাধন এবং সিটিজেন চার্টারের যথাযথ বাস্তবায়ন;

ঘ. স্বীয় কার্যালয়ের সম্ভাব্য সকল সেবাকে ই-সেবায় রূপান্তরে সমন্বয়কের দায়িত্ব পালন এবং ই-ফাইল ব্যবস্থাপনা পদ্ধতি ও চিঠিপত্র, ডকুমেন্ট ইত্যাদি ইলেকট্রনিক পদ্ধতিতে আদান-প্রদানের ব্যবস্থা গ্রহণকে উৎসাহিতকরণ।

০২. চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।



২৫-৯-২০২২
মোহাম্মদ হুমায়ূন কবীর
সহকারী সচিব

নম্বর: ২৬.০১.০০০০.০১২.০৬.০০৭.২২.৭৯/১(১৪)

তারিখ: ১০ আশ্বিন ১৪২৯
২৫ সেপ্টেম্বর ২০২২

সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জৈষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) সদস্য, (বানিজ্য নীতি), বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন

২) সদস্য, সদস্য (আন্তর্জাতিক সহযোগীতা), বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন

৩) সদস্য (অতিরিক্ত দায়িত্ব) (বানিজ্য প্রতিবিধান), বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন

৪) জনাব মনজুর মোর্শেদ চৌধুরী, যুগ্ম প্রধান, (বানিজ্য নীতি), বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন, ঢাকা।

৫) জনাব মোঃ মশিউল আলম, যুগ্মপ্রধান (চলতি দায়িত্ব), বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন, ঢাকা।

৬) জনাব মু.আকরাম হোসেন, সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন, ঢাকা।

৭) জনাব মোঃ মামুন-উর-রশীদ আসকারী, যুগ্মপ্রধান (চলতি দায়িত্ব), বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন, ঢাকা।

৮) চেয়ারম্যানের একান্ত সচিব, বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৯) জনাব মোঃ আব্দুল লতিফ, উপ-প্রধান (চলতি দায়িত্ব), বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন, ঢাকা।


১০) জনাব মোঃ ময়েন উদ্দিন মোল্লা, লাইব্রেরিয়ান, বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন, ঢাকা।

১১) জনাব মহিনুল করিম খন্দকার, সহকারী প্রধান (চলতি দায়িত্ব), বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন, ঢাকা।

১২) জনাব লোকমান হোসেন, সহকারী- প্রধান (চলতি দায়িত্ব), বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন, ঢাকা।

১৩) জনাব মোহাম্মদ রায়হান, গবেষণা কর্মকর্তা, বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন, ঢাকা।

১৪) জনসংযোগ ও প্রকাশনা কর্মকর্তা, জনসংযোগ ও প্রকাশনা, বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন



২৫-৯-২০২২

মোহাম্মদ হুমায়ূন কবীর

সহকারী সচিব